অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/6/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অরেঞ্জ কাউন্টির স্টেট রুট 17A এবং 94-কে আধুনিক করতে 30 মিলিয়ন মার্কিন ডলারের প্রজেক্টের শুরু ঘোষণা করলেন

একাধিক সাইটের প্রজেক্টটি 14 মাইলের বেশি রাস্তাকে রিসার্ফেস করবে; ট্র্যাফিকের প্রবাহ উন্নত করতে এবং এমিশনের সমাধান করতে একটি গোলচত্বর নির্মাণ করবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে অরেঞ্জ (Orange) কাউন্টির ওয়ারউইক (Warwick) এবং গোশেন (Goshen) টাউন এবং ওয়ারউইক, ফ্লোরিডা (Florida) এবং গোশেন ভিলেজে স্টেট রুট 17A এবং 94-এ একটি গোলচত্বর নির্মাণ করতে, একাধিক কালভার্ট বদলে দিতে এবং রিসার্ফেস করার একটি বহুমুখী প্রজেক্টের কাজ শুরু হয়েছে। আপেল উৎসব, ব্ল্যাক ডার্ট ফার্ম, হার্নেস রেসিং, এবং অনন্য কেনাকাটার অভিজ্ঞতার জন্য পরিচিত একটি এলাকায় এই একাধিক কমিউনিটির 30 মিলিয়ন মার্কিন ডলারের প্রজেক্টটি ট্র্যাফিকের প্রবাহ উন্নত করবে, বন্যা ঠেকাবে এবং একই সাথে দৃঢ়তা বাড়াবে, এবং হাডসন ভ্যালির (Hudson Valley) এই বিকাশমান কাউন্টির প্রয়োজন পূরণ করতে পথচারীদের জন্য সুযোগ উন্নত করবে।

"বহুমুখী এই প্রজেক্টটি হলো পুরো হাডসন ভ্যালির কমিউনিটিগুলির প্রয়োজন পূরণের জন্য 21 শতকের পরিবহন ইনফ্রাস্ট্রাকচার তৈরি করার জন্য আমাদের ধারাবাহিক প্রতিশ্রুতির অংশ," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "একটি অত্যাধুনিক গোলচত্বর, টাউন এবং ভিলেজ সেন্টার পর্যন্ত বহু মাইলের মাল্টিমডাল অ্যাক্সেস, এবং ভবিষ্যতের জন্য পর্যটন গঠন করার মাধ্যমে আমরা এই দ্রুত বিকাশমান অঞ্চলটির অনেক জনপ্রিয় গন্তব্যের নিরাপত্তা বাড়িয়ে দিচ্ছি এবং এখানে ভ্রমণ আরো সহজ করছি।"

প্রজেক্টের কেন্দ্রীয় অংশ হবে 14 মাইলের রাস্তার রিসার্ফেস করা, এটি নিউ জার্সির (New Jersey) স্টেট লাইন থেকে গোশেন টাউন পর্যন্ত স্টেট রুট 94/17A-এ এবং Durland Road পর্যন্ত স্টেট 94-এ করা হবে। প্রতিফলক এপোক্সি রং দিয়ে ডোরাকাটা দাগ দেওয়ার ফলে ঝড়ের সময় ফুটপাথের চিহ্ন আরো ভালোভাবে দেখা যাবে, যার ফলে নিরাপত্তা উন্নত হবে। সাথের এক্সিট এবং এন্ট্রেন্সগুলির ট্র্যাফিক সিগন্যাল এবং কার্ব র‍্যাম্পও উন্নত করা হবে।

এছাড়াও প্রজেক্টটি ইন্টারসেকশনের বিন্যাস ঠিক করার জন্য স্টেট রুট 94-এর পাশে ওয়ারউইক টাউনের কাউন্টি রুট 1A এবং Reservoir Road-এ সুন্দর রাস্তার আলোসহ একটি গোলচত্বর নির্মাণ করবে নতুন গোলচত্বরে নেটিভ ল্যান্ডস্কেপিংয়ের বৈশিষ্ট্য থাকবে এবং এমন করে নকশা করা হবে যাতে যেসব পয়েন্টে মুখোমুখি হয়ে মোটরচালক এবং পথচারীর মধ্যে

ধাক্কা লাগতে পারে তার সংখ্যা কম হয়, এবং একই সাথে ট্র্যাফিক ব্যাকআপও কম হয়। নতুন ক্রসওয়াক, সাইডওয়াক এবং পথচারীদের জন্য অন্যান্য ব্যবস্থা কাছের গন্তব্যগুলির অ্যাক্সেসও উন্নত করবে।

গোলচত্বরগুলো সর্বাধিক সুরক্ষা এবং যানজট হ্রাস করার জন্য ইঞ্জিনিয়ার এর কাজ করা হয়েছে। কিছু গতানুগতিক ইন্টারসেকশনের তুলনায় গোলচত্বরের মাধ্যমে ট্র্যাফিক আরো ভালোভাবে চলতে পারে, ফলে যানজট এবং যাত্রার সময় কমে যায়। রাউন্ডঅ্যাবাউটে দুর্ঘটনা কম গুরুতর হয় কারণ সেখানে দুর্ঘটনা সাধারণত ধীর গতিতে ঘটে। গোলচত্বরগুলো বৈদ্যুতিক চালিত ট্র্যাফিক সিগন্যালের প্রয়োজনীয়তাও দূর করে। একটি গোলচত্বর কীভাবে নিরাপদে অতিক্রম করতে হয় সে সম্পর্কে পরামর্শের জন্য, ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনের (Department of Transportation, DOT) Youtube চ্যানেলে এই সহায়ক নির্দেশনামূলক ভিডিওটি দেখে নিন।

কমিউনিটির সার্বিক স্বাস্থ্যের জন্য মজবুত, দৃঢ় ইনফ্রাস্ট্রাকচার গুরুত্বপূর্ণ এবং এই প্রজেক্টটি ড্রেনেজ ব্যবস্থাকে আধুনিক করবে যাতে ঝড়ের পানির প্রবাহকে আরো ভালোভাবে সামাল দেওয়া যায় এবং স্টেট রুট 94-এর তিনটি এবং স্টেট রুট 17A-এর একটি কালভার্টকে বদলে দেওয়া হবে যাতে ভূমিক্ষয় কম হয় এবং স্থানীয় ঝর্ণার স্বাস্থ্য ও বন্যপ্রাণীর থাকার জায়গা ভালো থাকে।

উন্নয়নকাজের মধ্যে আছে ট্র্যাফিক সিগন্যাল, নতুন ক্রসওয়াক, সাইডওয়াক কার্ব র্যাম্প, অ্যাক্সেসিবল পথচারীর জন্য সিগন্যাল সরঞ্জাম, ড্রেনেজ এবং নতুন লেনের কনফিগারেশনের বাস্তবায়ন যা নিচের ইন্টারসেকশনগুলিতে হবে:

- 17A-এ স্টেট রুট 94
- Colonial Avenue-এ স্টেট রুট 94
- Meadow Road-এ স্টেট রুট 94
- Reservoir Road-এ স্টেট রুট 94

নির্ধারিত নির্মাণকাজের জন্য লেন শিফট, সীমিত সময়ের জন্য প্রতিদিন লেন বন্ধ রাখা এবং ছোটখাটো ঘুরপথে ব্যবহার করতে হবে বলে ধারণা করা হচ্ছে। 2027 সালের গ্রীষ্মকালে প্রজেক্টটির কাজ শেষ হওয়ার কথা আছে।

স্টেটের ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনের কমিশনার Marie Therese Dominguez (ম্যারি টেরেস ডমিঙ্গেজ) বলেন, "হাডসন ভ্যালি এবং পুরো স্টেটে ইনফ্রাস্ট্রাকচার উন্নয়নের পক্ষে গভর্নর Hochul-এর (হোকল) থেকে বেশি কেউ কাজ করছেন না। অরেঞ্জ কাউন্টিতে মানুষ বেড়াতে আসে এর প্রাকৃতিক সৌন্দর্য এবং পর্যটনের সুযোগের জন্য, এবং বছরের পর বছর অনেকে বসবাস, কাজ এবং পরিবার বড় করার জন্য এখানে থেকে গেছেন, যার ফলে এর বিকাশ হয়েছে। অঞ্চলের ইনফ্রাস্ট্রাকচারে আমরা যে বিনিয়োগ করছি তা এই বিকাশ সম্ভব হওয়ার স্থান তৈরি করে, এবং পথচারীদের জন্য উন্নয়নসহ উন্নত সচলতা, আরো মসৃণ যাত্রা এবং সার্বিকভাবে আরো স্থিতিশীল একটি পরিবহন ব্যবস্থা তৈরি করে।"

সিনেটর Chuck Schumer (চাক শুমার) বলেন, "আমার Bipartisan Infrastructure & Jobs Law থেকে পাওয়া বহু মিলিয়ন মার্কিন ডলারের কারণে আমরা হাডসন ভ্যালিতে আরো নিরাপদ একটি ভবিষ্যতের পথ তৈরি করছি। এটি একটি নতুন গোলচত্বর নির্মাণ করবে এবং স্টেট রুট 17A এবং 94-এর রিসার্ফেস করবে, অতি গুরুত্বপূর্ণ এই করিডোরের ট্র্যাফিক প্রবাহ উন্নত করবে এবং বাসিন্দা ও ভিজিটরদের অরেঞ্জ কাউন্টির বিখ্যাত আপেল উৎসব এবং ব্ল্যাক ডার্ট ফার্মের সাথে সংযুক্ত করতে সাহায্য করবে এবং একই সাথে আরো অনেক, অনেক চাকরি তৈরি করবে। হাডসন ভ্যালির নিউ ইয়র্কবাসীদের জন্য নিরাপত্তা ও সংযোগ উন্নত করার ভালো কাজে এই ফেডারেল মার্কিন ডলার ব্যবহার করার জন্য গভর্নর Hochul-এর (হোকল) প্রতি আমি কৃতজ্ঞ।"

স্টেটের সিনেটর Pat Ryan (প্যাট রায়ান) বলেন, "যখন আমরা আমাদের ইনফ্রাস্ট্রাকচারকে আধুনিক করি তখন আমরা হাডসন ভ্যালির পরিবারের জন্য জীবনকে আরো অ্যাক্সেসিবল এবং দক্ষ করি এবং একই সাথে পুরো অঞ্চলের অর্থনৈতিক বিকাশের প্রচার করি। এই প্রজেক্টটি আমাদের কমিউনিটিতে অনেক বড় পরিবর্তন নিয়ে আসবে; আরো নিরাপদ রাস্তা, আরো ভালো ঝড়ের ব্যবস্থা, এবং উন্নত ট্র্যাফিক প্রবাহ দিবে যা অরেঞ্জ কাউন্টির পরিবারগুলির প্রাপ্য। ট্র্যাফিক নিরাপত্তা বাড়াতে, সেকেলে ইনফ্রাস্ট্রাকচারকে আধুনিক করতে, এবং হাডসন ভ্যালির প্রতিটি কোণায় অর্থনৈতিক বিকাশকে জোরদার করতে সরকারের প্রতিটি পর্যায়ের পার্টনারদের সাথে আমি কাজ চালিয়ে যাবো।"

পরিবহন দপ্তর সম্পর্কে

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন দপ্তরের লক্ষ্য হলো এমন একটি নিরাপদ, নির্ভরযোগ্য, ন্যায্য এবং প্রাণবন্ত পরিবহন ব্যবস্থা প্রদান করা যা সম্প্রদায়সমূহকে সংযুক্ত করে, জীবনযাত্রার মান উন্নত করে, পরিবেশের সুরক্ষা করে, এবং নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক কল্যাণকে সমর্থন করে।

এটি জীবনের প্রশ্ন; গতি ধীর করুন এবং হাইওয়ের কর্মীদের জন্য সরে যান!

আরো তথ্যের জন্য, আমাদের ফেসবুক (Facebook)-এ খুঁজুন এক্স (X) বা ইনস্টাগ্রাম (Instagram)-এ আমাদের অনুসরণ করুন অথবা আমাদের ওয়েবসাইট ভিজিট করুন। সর্বশেষ যাতায়াতের তথ্যের জন্য 511 এ ফোন করুন, www.511NY.org ভিজিট করুন বা বিনামূল্যে 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন